

## পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৭. ৭. ২. যুদ্ধবন্দি রাজাদের ঘাড়ে পা রেখে হত্যা করে টাঙিয়ে রাখা

বনি-ইসরাইলের এ নির্মম গণহত্যা ও ধ্বংসযজ্ঞের সংবাদে বিচলিত হয়ে জেরুজালেম (Jerusalem), হেবরন (Hebron), যর্মূত (Jarmuth), লাখীশ (Lachish) ও ইগেস্নান (Eglon) পাঁচটা রাজ্যের বাদশাহ একত্রিত হয়ে তাদের প্রতিরোধের চেষ্টা করেন। ইউসা তাঁদের বিরুদ্ধে যুদ্ধ করে তাদের ধ্বংস করেন।

''গিলগল থেকে বেরিয়ে সারা রাত হাঁটবার পর ইউসা হঠাৎ তাদের আক্রমণ করলেন। ... মাবুদ গিবিয়োনে বনি-ইসরাইলদের দিয়ে তাদের অনেককে হত্যা করলেন। ... সেই পাঁচজন আমোরীয় বাদশাহ পালিয়ে গিয়ে মক্কেদা শহরের কাছে একটা গুহায় লুকিয়ে ছিলেন। সেই গুহাতে লুকানো অবস্থায় সেই পাঁচজন বাদশাহকে খুঁজে পাবার খবর যখন ইউসাকে জানানো হল তখন তিনি বললেন, 'গুহাটার মুখে বড় বড় পাথর গড়িয়ে দাও এবং সেটা পাহারা দেবার জন্য কয়েকজন লোক দাঁড় করিয়ে রাখ।' কিন্তু তোমরা থেমো না; তোমাদের শত্রুদের তাড়া করে নিয়ে যাও. পিছন দিক থেকে আক্রমণ কর এবং তাদের নিজেদের শহরে ফিরে যেতে দিয়ো না। তোমাদের মাবুদ আল্লাহ তোমাদের হাতে তাদের তুলে দিয়েছেন। এভাবে ইউসা ও বনি-ইসরাইলরা আমোরীয়দের ধ্বংস করে ফেলল। ... তারপর ইউসা বললেন, 'গুহার মুখ খুলে ঐ পাঁচজন বাদশাহকে বের করে আমার কাছে নিয়ে এস।' তাতে সেই গুহা থেকে সেই পাঁচজন বাদশাহকে তারা বের করে নিয়ে আসল। এঁরা ছিলেন জেরুজালেম, হেবরন, যমূত, লাখীশ ও ইগেস্নানের বাদশাহ। তারা যখন সেই বাদশাহদের ইউসার কাছে নিয়ে আসল তখন তিনি সমস্ত বনি-ইসরাইলদের ডাকলেন এবং তাঁর সংগে যে সেনাপতিরা যুদ্ধে গিয়েছিল তাদের বললেন, 'তোমরা এখানে এসে ঐ বাদশাহদের ঘাড়ে তোমাদের পা রাখ।" এতে তারা এগিয়ে গিয়ে ঐ বাদশাহদের ঘাড়ের উপর তাদের পা রাখল। ইউসা তাদের বললেন, 'তোমরা ভয় পেয়ো না, হতাশ হয়ো না। তোমরা শক্তিশালী হও ও মনে সাহস আন। তোমরা যে সব শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করতে যাবে তাদের সকলের অবস্থা মাবুদ এই রকম করবেন।' তারপর ইউসা সেই বাদশাহদের হত্যা করে পাঁচটা গাছে তাদের টাংগিয়ে দিলেন। বিকাল পর্যন্ত তাদের লাশ গাছে টাংগানোই রইল। সূর্য ডুবে যাবার সময়ে ইউসার হুকুমে লোকেরা গাছ থেকে তাদের লাশগুলো নামিয়ে ফেলল এবং যে গুহাতে তারা লুকিয়ে ছিলেন তার মধ্যে সেই দেহগুলো ছুঁড়ে ফেলল। গুহার মুখটা তারা বড় বড় পাথর দিয়ে ঢেকে দিল। সেগুলো আজও সেখানে রয়েছে। (ইউসা ১০/৯-১০, ১৬-২৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14631

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন